

প্রিয় পরিবারবর্গ,

সাম্প্রতিক দিনগুলোর মত এমন মর্মপিড়াদায়ক এবং হৃদয়বিদারক আরেকটি সময় খুঁজে পাওয়া কঠিন হবে। বিগত সপ্তাহে পুলিশ অফিসারদের হাতে জর্জ ফ্লয়েড (George Floyd)-এর হত্যাকাণ্ডটি ছিল আতঙ্কিত হবার মত একটি ঘটনা। আমি বেদনাক্রান্ত। কিন্তু, আপনাদের অনেকের মতই, আমি বিস্মিত নই। কৃষ্ণাঙ্গদের উপর এই ন্যাকারজনক তচ্ছল্য আমরা এর আগে আরো বহুবার দেখেছি, এমনকি এই সাম্প্রতিক সপ্তাহে একাধিকবার। এটা প্রত্যক্ষ করা সত্যিই মর্মান্তিক; এটা অ্যামেরিকার সড়কগুলোতে আরেকটি মহামারী হিসেবে উপস্থাপিত হবার চেয়ে কম নয়।

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন পুলিশের নিষ্ঠুরতা এবং এই বর্বর প্রাণনাশের নিন্দা জানায়। আরেকটি কৃষ্ণাঙ্গ পরিবার একটি ছেলে, একজন বাবা, একটি ভাই হারিয়েছে, এটা শুনেই আমার মন ভেঙ্গে যায়। কৃষ্ণাঙ্গ নিউ ইয়র্কবাসী এবং অ্যামেরিকানদের পাশাপাশি এই আরেকটি অকারণ বিয়োগে যারা শোকসন্তপ্ত, তাদের প্রত্যেকের পাঁশে আমি একাত্ততার সাথে দাঁড়াই। শোক সমগ্র সিটিজুড়ে সকল কমিউনিটিতে ঢেউ খেলে যায় এবং প্রতিধ্বনিত হয়। আমরা যখন ব্যক্তিগতভাবে এবং সামগ্রিকভাবে এই মর্মান্তিক অবিচার মানসিকভাবে বোঝাপড়া করছি, এতে আমি আপনাদের সাথে আছি। পাঁচ বরো এবং দেশজুড়ে প্রায় 140-টি সিটিতে যে প্রতিবাদ হচ্ছে তা এই বেদনা এবং একটি আরো ভালো বিশ্বের আকাঙ্ক্ষার বহিঃপ্রকাশ।

পিতামাতা বা সেবাপ্রদানকারীদের জন্য এটা অত্যন্ত কঠিন সময়: আবেগ ধরে রাখা, এই মুহুর্তে পরিষেবার অনুভব ও বিশালতা উভয়ের প্রয়োজন অনুযায়ী পদক্ষেপ খোঁজা, এবং বর্তমান বীভৎস ঘটনাগুলো এবং যে পদ্ধতিগত বর্ণবাদ থেকে এগুলো উদ্ভব হয় সেগুলো নিয়ে কিভাবে ছেলেমেয়ে ও পরিবারের সাথে আলোচনা শুরু বা গভীরতা বৃদ্ধি করা যায় সে উপায়গুলো নিয়ে চিন্তা-ভাবনা করা—সবগুলো একই সাথে করা। এই বেদনা এবং সংগ্রাম অতি বাস্তব।

শ্বেতাঙ্গ ভিন্ন অন্য কমিউনিটিগুলোর জন্য, এই বেদনা নতুন কিছু নয়। এটা লক্ষ কোটি নিউ ইয়র্কার এবং অ্যামেরিকানদের দেহ, মন, এবং হৃদয়ে যুগ যুগ ধরে বাস করছে—কারণ বর্ণবাদী সহিংসতা ততদিন ধরে চলে আসছে।

বর্ণবাদ অন্যভাবে, প্রতিদিন নতুন ক্ষতির কারণও বটে, কারণ এটা একটা পদ্ধতিগতভাবে হচ্ছে—যা আমাদের প্রতিষ্ঠানগুলো, আমাদের অর্থনীতি, এবং আমাদের অংশীদার কমিউনিটি গড়ে উঠেছে সে পদ্ধতিগুলো দিয়ে সেগুলোতে রঞ্জে রঞ্জে গভীরভাবে বিরাজ করছে। আমাদের পাবলিক স্কুল সিস্টেম সহ নিউ ইয়র্ক সিটির ক্ষেত্রেও এটা সত্যি, আমরা যতই প্রগতিশীল এবং অগ্র-চিন্তক হই না কেন।

আমরা DOE-তে বলেছি, এবং আমরা অব্যাহতভাবে বলে যাব: আর না।

আমাদের অবশ্যই সক্রিয়ভাবে বর্ণবাদের বিরুদ্ধে সাড়া দিতে হবে এবং এই অবিচারের সিস্টেমগুলো পরিবর্তন করতে প্রতিদিন কাজ করে যেতে হবে। সমতাকে এখন এগিয়ে নিতে আমরা অব্যাহতভাবে কাজ করে যাব। আমরা প্রতিটি শিক্ষার্থী, পিতামাতা, শিক্ষক, কর্মিবৃন্দ এবং আমাদের কমিউনিটির সকলের মর্যাদা ও মানবতাকে প্রতিদিন সম্মান জানাই।

শিক্ষণ এবং শেখা যে প্রকৃতিতেই হোকনা কেন—তা ইন্টার দেয়ালে গাথা ক্লাসরুম বা একটি ডিজিটাল ডিভাইসে—লক্ষ্য একটি রয়েছে: প্রত্যেকটি শিক্ষার্থী একটি চমৎকার শিক্ষা প্রদান করা। এটা করার মাধ্যমে, আমাদের অবশ্যই অব্যাহতভাবে প্রাতিষ্ঠানিক বর্ণবাদ চূর্ণ করা এবং এটার প্রভাব উল্টে দেয়ার উপায়ও খুঁজতে হবে।

এ কাজ চলছে। এতে অন্তর্ভুক্ত পুনরুদ্ধারমূলক চর্চা বাস্তবায়ন, সকল শিক্ষক ও কর্মিবৃন্দকে পরোক্ষ পক্ষপাতিত্ব সম্পর্কে প্রশিক্ষণ, স্কুল কমিউনিটিগুলোতে মানসিক স্বাস্থ্য সেবা প্রদান, এবং আরো কিছু। এই কাজ ছেলেমেয়েদের উপর জীবনভর প্রভাব সৃষ্টি করার পাশাপাশি আমাদের সমাজকে এমনভাবে পরিবর্তন করার সম্ভাবনা আছে যা পারিপার্শ্বিক বিশ্বকে আরো নিরাপদ, আরো ন্যায়, সবার জন্য আরো ভাল হবে।

যখন, উদাহরণস্বরূপ, শিক্ষার্থীরা বই থেকে মুখ্যচরিত্র এবং বিভিন্ন বর্ণ, সক্ষমতা, সম্প্রদায়, ভাষা, ও আরো কিছু সম্পর্কে শেখার পাশাপাশি, ভিন্নতা এবং বৈচিত্র্যময়তা সম্পর্কে শিখছে। যখন ক্রোধ অথবা অসন্তোষ অনুভবকারী শিক্ষার্থীদের সুন্দরভাবে অনুভূতি প্রকাশ শেখানো হচ্ছে, এর ফলে অজানা ভয়ে তাদের প্রতিক্রিয়া প্রকাশের সম্ভাবনা কম।

আমরা সমতা বৃদ্ধির কাজ থামাবো না যতক্ষণ পর্যন্ত প্রতিটি শিক্ষার্থী এবং প্রতিটি স্কুলে পরিবর্তন আসে। আমাদের সকলের এটা প্রয়োজন, কারণ বর্ণবাদ শুধুমাত্র কৃষ্ণাঙ্গ, বাদামী, অথবা এশিয়ান পরিবারদের ক্ষতিসাধন করে না—এটা আমাদের সকলের ক্ষতি করে।

প্রত্যেকের একটি ভূমিকা রয়েছে। কেন্দ্রীয়ভাবে আমাদের কাজ অব্যাহত রাখার পাশাপাশি, আমাদের ইতিহাস ও বর্তমান অধ্যয় থেকে, যেখানে এই অবিচার ও প্রতিবাদের একই অধ্যয় বিদ্যমান, এবং সহিংসতা ও ধ্বংস আমাদের সিটি ও সমাজে ভেদ করে গেছে, সেগুলো সম্পর্কে রিসোর্স প্রদানের মাধ্যমে আমাদের শিক্ষকদের শেখাতে সহায়তা করছি।

একই সময়, এই প্রয়াশে আপনারা অনেকেই এই কাজ বাড়ি থেকে করছেন অথবা ব্যক্তিগত রিসোর্স—আপনার সময়, আপনার শক্তি, আপনার হৃদয়, অথবা আপনার কঠন ব্যবহার করছেন। আমরা আপনাদের দেখছি, এবং আপনার দৃঢ় প্রতিশ্রুতির জন্য আমরা কৃতজ্ঞ। ছেলেমেয়েরা তাদের পারিপার্শ্বিক বিশ্ব দেখে ও অনুভব করে, এবং এখন তাদের ও তাদের পরিবার, বন্ধুবান্ধব, এবং অন্য নিউ ইয়র্কবাসীদের অভিজ্ঞতা বুঝা এবং সম্পৃক্ত করার মাধ্যমে নির্দেশনা দেয়ার গুরুত্বপূর্ণ সময়।

বর্ণবাদ এবং অবিচার সম্পর্কে ছেলেমেয়েদের সাথে আলোচনা শুরু করা, অব্যাহত রাখা, অথবা আলোচনার গভীরতা বৃদ্ধি করার জন্য আপনি নিচে বিভিন্ন রিসোর্স পাবেন। এছাড়াও আমরা উদ্বেগ, ক্লান্তি, এবং নিজের যত্ন নেয়ায় সহায়তার জন্য রিসোর্স শেয়ার করছি। অনুগ্রহ করে জেনে রাখুন যে এই রিসোর্সগুলো তৃতীয়-পক্ষ থেকে এসেছে যা হয়ত শুধু ইংরেজিতে পাওয়া যেতে পারে। পিতামাতা ও সেবাপ্রদানকারী হিসেবে, অন্যদের সেবা প্রদানের জন্যে নিজের যত্ন নেয়া অপরিহার্য। আমাদের এই অগ্রযাত্রায় আপনাদের অব্যাহতভাবে সর্বশেষ তথ্য প্রদান করে যাব, এবং আপনি সেগুলো পেতে পারেন schools.nyc.gov/togetherforjustice সাইটে

লেখক জেমস বাল্ডউইন (James Baldwin)-এর একটি উক্তি আমাকে মনে করিয়ে দিয়েছে এই মুহূর্তের জন্য এটা কত দৃঢ়ভাবে মিলে গেছে: “মুখোমুখি হওয়া সবকিছু পরিবর্তন করা যায় না, কিন্তু মুখোমুখি না হওয়া পর্যন্ত কোনকিছুই পরিবর্তন করা যায় না।” এগুলো পূর্ব ভুলের মাসুল দেয়ার কঠিন সময়, কিন্তু আমাদের সুযোগ রয়েছে—অবিচারের মুখোমুখি হতে অগ্রসর হবার—এবং একটি আহ্বান।

নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের শিক্ষা এবং একটি আরো ভালো বিশ্ব গড়ে তুলতে আপনি হচ্ছেন সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশীদার। আপনার প্রতি আমরা আজ এবং প্রতিদিন কৃতজ্ঞ।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

বর্ণবাদ এবং বর্তমান পরিস্থিতি সম্পর্কে আপনার সন্তানের সাথে কথা বলার জন্য রিসোর্সসমূহ:

- [Guidance for Family Conversations about George Floyd, Racism, and Law Enforcement](#) (জর্জ ফ্লয়েড, বর্ণবাদ, এবং আইন প্রয়োগকারী বিষয়ে পারিবারিক আলোচনার জন্য নির্দেশনা) (অ্যান্টাই ডিফেমেশন লিগ)
- [Talking to Kids About Racism, Early and Often](#) (বর্ণবাদ নিয়ে আপনার সন্তানের সাথে কথা বলুন, অল্প বয়সে এবং প্রায়শই) (নিউ ইয়র্ক টাইমস)
- [31 Children's books](#) (31-টি শিশুতোষ বই) বর্ণ, বর্ণবাদ এবং প্রতিরোধ বিষয়ক আলোচনার সহায়তায় (বর্ণআলিঙ্গন)
- [Black Lives Matter Still Matters](#) (কৃষ্ণঙ্গ জীবনের মূল্য আছে এখনও আছে) (সহিষ্ণুতা শিক্ষণ)
- [Talking about Race for Parents & Caregivers](#) (পিতামাতা ও সেবাপ্রদানকারীদের জন্য বর্ণ বিষয়ক আলোচনা) (ন্যাশনাল মিউজিয়াম অভ আফ্রিকান আমেরিকান হিস্টরি অ্যান্ড কালচার)
- [Coming Together, Standing Up to Racism](#) (বর্ণবাদের বিরুদ্ধে একত্রিত হওয়া, ও রুখে দাঁড়ানো) (সেসামি স্ট্রিট)

উদ্বেগ এবং মানসিক আঘাত নিরসনে মানসিক স্বাস্থ্য বিষয়ক রিসোর্সসমূহ:

- [Managing Strong Emotional Reactions to Trauma](#) (মানসিক আঘাতে দৃঢ় আবেগজনিত প্রতিক্রিয়া বজায় রাখা) (ন্যাশনাল অ্যাসোসিয়েশন অভ স্কুল সাইকোলজিস্টস)
- [Radical Self Care in the Face of Mounting Racial Stress](#) (পর্বতপ্রমাণ বর্ণবাদ নিয়ে উদ্বেগের মুখে মৌলিক কাঠামোগতভাবে নিজের যত্ন নেয়া) (অ্যামেরিকান সাইকোলজিকাল অ্যাসোসিয়েশন)

বিনামূল্যে মানসিক স্বাস্থ্য বিষয়ক সহায়তা:

স্টাফ, শিক্ষার্থী এবং পিতামাতার জন্য NYC ওয়েল (Well)

- ফোন করুন: 1-888-NYC-WELL (1-888-692-9355)
- টেক্সট: 65173 নম্বরে WELL লিখুন
- চ্যাট: <https://nycwell.cityofnewyork.us/en/> সাইটে

আমরা অব্যাহতভাবে সংস্থানগুলো হালনাগাদ বা আপডেট করে যাব schools.nyc.gov/togetherforjustice সাইটে